



নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন কার্যালয়  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
সরকারি পরিবহণ পুঙ্গ ভবন, ঢাকা-১০০০।



নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩- ৫৫

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯  
১৬ মার্চ, ২০২৩

পরিপত্র-২

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ অনুষ্ঠানের লক্ষ্যে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিলকারী কর্তৃপক্ষ নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৩/০৫/২০২৩ তারিখ শনিবার একই সাথে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা কমান্ড, মহানগর কমান্ড ও উপজেলা কমান্ডের নির্বাচন অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল নির্বাচনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন এবং জেলা প্রশাসকগণ স্ব স্ব অধিক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

(খ) জেলা কমান্ড নির্বাচনের ক্ষেত্রে জেলা প্রশাসক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

(গ) মহানগর (৮টি বিভাগীয় শহরে) কমান্ড নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। জেলা প্রশাসক মনোনীত একজন সিনিয়র সহকারী কমিশনার সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

(ঘ) উপজেলা কমান্ড নির্বাচনে উপজেলা নির্বাহী অফিসারগণ রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের মধ্যে হতে যে কোনো একজন কর্মকর্তাকে সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব প্রদান করবেন।

(ঙ) জেলা, মহানগর ও উপজেলা কমান্ড নির্বাচনের ক্ষেত্রে জেলা প্রশাসক স্ব স্ব অধিক্ষেত্রে আপিল কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন।

০৩। সভায় রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপীল কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালনের জন্য সকল জেলা প্রশাসক ও সকল উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদানের জন্য নির্বাচন কমিশন থেকে মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেটসি অধিশাখাকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

(রতন চন্দ্র পন্ডিত)

প্রধান সমন্বয়কারী

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩

টেলিফোন: ০১৭১৬২৬২৯৩৭

বিতরণ:

০১। জেলা প্রশাসক (সকল)।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩- ৫৫/৩ (৩০)

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯

১৬ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরী, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
২. বীর মুক্তিযোদ্ধা জনাব উজ্জ্বল বিকাশ দত্ত, সাবেক সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩, ৩/ডি, ইস্টার্ন হাউজিং এপার্টমেন্ট, ৪ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।
৩. জনাব মোঃ আনহার আলী খান, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ২০ ইস্কাটন গার্ডেন, ফ্ল্যাট-৭/এ, ঢাকা।
৪. লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক, স্বাধীনতা পদক, পদ্মশ্রী ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কাউন্সিল, জেলা/ মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
৬. প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(রতন চন্দ্র পন্ডিত)

প্রধান সমন্বয়কারী